দৈনিক বাংলা

তারিখ ৮/০২/৮১
পৃষ্ঠা ..... কলাম .....

388

069

# মাধ্যমিক শিক্ষায় গ্রুপ ব্যবস্থা উঠে যাচ্ছে

( হাসিনা আশরাফ )

মাধ্যমিক শিক্ষা পর্যায়ে প্রচলিত মানবিক, বিজ্ঞান, বাণিজ্য প্রভৃতি গ্রুপ তুলে দিয়ে আবার আগের মত একটি গ্রুপ ব্যবস্থা প্রচলনের উদ্যোগ নেয়া হচ্ছে।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় ১৯৮৩ সালে নবম শ্রেণীতে নতুন সিলেবাসের মাধ্যমে এ ব্যবস্থা চালু করবে।

নতুন ব্যবস্থায় বাধ্যতামূলক বিষয়ের মধ্যে বাংলা, ইংরেজী, গণিত, ইতিহাস, ভূগোল, পৌরনীতি, বিজ্ঞান ও কর্ম অভিজ্ঞতাকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ইলেকটিভ বিষয় থাকবে ১৪টি, এর মধ্যে ছাত্ররা যে-কোন একটি বিষয় বেছে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)।

## মাধ্যমিক শিক্ষায়

(১ম পৃঃ পর)

নিতে পারবে।

নতুন সিলেবাসে বিজ্ঞানের জন্য দুই পেপারে মোট ৭টি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলো হচ্ছে, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিদ্যা, উদ্ভিদবিদ্যা, পুষ্টি বিজ্ঞান, জনসংখ্যা শিক্ষা ও ধর্ম। পৌরনীতি বইয়ে সমাজকল্যাণ, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞানের সঙ্গে বাণিজ্যিক ভূগোলকে যুক্ত করা হয়েছে। কর্মবিজ্ঞানে নিরক্ষরতা দূরীকরণে আরো বাস্তবমুখী ভূমিকা গ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে।

সিলেবাসে বিভিন্ন বিষয়ের নম্বর বন্টনেরও তারতম্য করা হয়েছে বলে জানা গেছে। যেমন: বাংলা, অংক ও বিজ্ঞান বিষয়ে ১০০ মার্কের ওপর পরীক্ষা হবে। এছাড়া অন্যান্য সব বিষয়ে ফুল মার্কস থাকবে ৭৫। কর্ম অভিজ্ঞতায় ৫০ নম্বর বরাদ্দ করা হয়েছে।

জানা গেছে, চলতি বছর থেকে নতুন সিলেবাস অনুযায়ী পাঠ্য বইয়ের পান্ডুলিপি তৈরির কাজ শুরু হয়েছে। আগামী বছরের নবেম্বরের মধ্যে সব বই ছাপার কাজ শেষ করা হবে। এজন্য অগ্রিম ব্যবস্থা গ্রহণ সম্পর্কেও উচ্চ পর্যায়ে আলোচনা চলছে।